# ২০১৯
# বাংলা
## (আবশ্যিক)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## দ্বিতীয় সেমেস্টার
## কোর্স কোড : BNGM/AECC(MIL)

পূর্ণমান : ৪০　　　　সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :　　৫×২=১০

ক) "আয় ভাই একবার মিলে মিশে দুইজনে পঞ্চম স্বরে ডাকি।" — এখানে 'দুইজনে' বলতে কাদের কথা বোঝানো হয়েছে? 'পঞ্চম স্বরে' কী ডাকার কথা বলা হয়েছে?

খ) "অর্থমনর্থং ভাবয় নিত্যং।

নাস্তি ততঃ সুখলেশঃ সত্যম্।।" — রবীন্দ্রনাথের 'শিক্ষার হেরফের' প্রবন্ধে উদ্ধৃত শ্লোকটির অর্থ কী?

গ) "...যদি প্রাথমিক শিক্ষা দিতে হয় তবে সে শিক্ষা মাতৃভাষাতেই দিতে হয়।" — 'বাংলা আর ইংরেজী' প্রবন্ধে অন্নদাশঙ্কর রায়-এর এমন অভিমতের কারণ কী?

ঘ) রবীন্দ্রনাথের 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটি প্রথম কোন্ কাব্যগ্রন্থে প্রকাশিত হয়?

[ পরের পাতায়]

ঙ) ‘ধনপতি, শ্রীমন্তের, বেহুলার, লহনার ছুঁয়েছে চরণ’— এই লাইনে উল্লেখিত চরিত্রগুলির পরিচয় দাও।

চ) ভালো প্রতিবেদন রচনার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

ছ) “ যে এমন বিশ্বাসঘাতকতার কাজ করিয়াছে তাহাকে আর বিশ্বাস করা কর্তব্য নয়।” — লাইনটি কোন্ গল্পে উদ্ধৃত হয়েছে? কে বিশ্বাসঘাতকতার কাজ করেছে বলে বক্তার মনে হয়েছে?

জ) ‘খুড়ার কাজ ছিল ভাইপোর নানাবিধ দুর্নাম রটনা করা’ — শরৎচন্দ্র চট্টোপাধ্যায়-এর ‘বিলাসী’ গল্পে খুড়ার ‘ভাইপোর’ নাম কী ছিল? ভাইপোর নামে খুড়া কী কী দুর্নাম রটিয়েছিল?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) “তুমি বসন্তের কোকিল, শীত বর্ষার কেহ নও।” — এই উক্তির আলোকে ‘বসন্তের কোকিল’ প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

খ) যে-কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা করো : ৫

অ) সাম্প্রদায়িকতা বনাম মানবতা

আ) ২০১৯ ক্রিকেট বিশ্বকাপে ভারতীয় দলের সম্ভাবনা

ই) ভারতবর্ষে ভয়াবহ পানীয় জলের সংকট

গ) যে-কোনো **পাঁচটি** শব্দের পরিভাষা লেখো : ৫

Arbitration, Contingency Bill, Defalcation, Mutation, Key Note Address, Quoram, Status Quo, Wages, Unclaimed, Viable.

ঘ) কাজী নজরুল ইসলাম এর ‘শিকল-পরার গান’ কবিতায় বন্ধনমুক্তির যে আশ্বাসবাণী শ্রুত হয়েছে তা নিজের ভাষায় লেখো। ৫



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) “...ইংরাজী আমাদের পক্ষে কাজের ভাষা, কিন্তু ভাবের ভাষা নহে।” — ‘শিক্ষার হেরফের’ প্রবন্ধাবলম্বনে রবীন্দ্রনাথের এমন অভিমতের যাথার্থ্য বিচার করো।

খ) ‘খোকাবাবুর প্রত্যাবর্তন’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

গ) “বৎসর তিনেক পর অকস্মাৎ একদিন একটা দুর্ঘটনা ঘটিয়া গেল।” — তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় রচিত ‘কালাপাহাড়’ গল্পে সংঘটিত এই দুর্ঘটনার সবিস্তার বর্ণনাপূর্বক গল্পের পরিণামে উল্লিখিত ‘দুর্ঘটনা’ কতটা ভূমিকা গ্রহণ করেছিল আলোচনা করো।

ঘ) নীরেন্দ্রনাথ চক্রবর্তী রচিত ‘অমলকান্তি’ কবিতায় আধুনিক জীবনসত্যের যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।

———